



সম্প্রতি ক্যানবেরার Erindale College এর ঠিক সামনে একটি petrol station স্থাপনের সরকারী সিদ্ধান্তকে কেন্দ্র করে প্রতিবাদের ঝড় উঠেছে। এর নেতৃত্ব দিচ্ছেন একজন বিশিষ্ট বাংলাদেশী ব্যবসায়ী মোঃ মূনির হোসেন। তিনি কলেজের Parents & Citizens Association এর সভাপতি।

এ বিষয়ে ক্যানবেরার স্থানীয় পত্রিকা The Chronicle গত ১৩ই সেপ্টেম্বর জনাব মূনির হোসেন এর সাক্ষাতকার সহ সচিত্র প্রতিবেদন প্রকাশ করেছে। তিনি বলেন, এতে বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর নিরাপত্তার প্রশ্ন জড়িত। বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশেও কোনদিন সরকার এ ধরনের পরিকল্পনা পাশ করবে না। উল্লেখ্য Erindale college বর্তমানে ৯০০ ছাত্রছাত্রী অধ্যয়নরত।

দাবী বাস্তবায়নের জন্য প্রয়োজনে অনশন ধর্মঘট করবো - তার এই ঘোষণা স্থানীয় মিডিয়ায় ব্যাপক সাড়া তোলে যা ক্যানবেরাবাসীদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে এবং কলেজের দাবীর পক্ষে সমর্থন যোগাচ্ছে। জনাব মূনির হোসেন এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের সাথে যোগাযোগ করেন এবং Planning Minister জনাব Simon Corbel এর কাছ থেকে বিষয়টি পুনর্বিবেচনার আশ্বাস লাভ করেছেন।

জনাব মূনির হোসেন Erindale College এর P&C Association এর প্রথম বাঙ্গালী প্রেসিডেন্ট। কমিউনিটির বিভিন্ন কাজের জন্য তিনি বিশেষভাবে প্রশংসিত হয়েছেন।